গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা - ১

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত গণপূর্ত অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২০১৭-১৮ সালের ২য় সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম, প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। |
| সভার তারিখ | ৩০-০১-২০১৮খ্রিঃ বেলা ১২.৩০ ঘটিকা। |
| সভার স্থান | প্রধান প্রকৌশলীর সভাকক্ষ। |

সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের চলমান কার্যক্রমের ভিত্তিতে ২০১৭-১৮ সালের জন্য প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এবং কর্মপরিকল্পনা পরীবিক্ষণ ছকে বর্ণিত কার্যক্রম মোতাবেক গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি কমিটির সদস্য নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন) সভায় উপস্থাপন করেন।

২. গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ও অগ্রগতিঃ

| ক্রম | বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ছক অনুযায়ী এ মন্ত্রণালয়ের চলমান কার্যক্রমের ভিত্তিতে ২০১৭-১৮ সালের জন্য প্রস্তুতকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | | |
| | ১.১ অংশীজনের অংশগ্রহনে সভা :<br><br>নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন) জানান অংশীজনের অংশগ্রহণে ২টি সভা করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে, এখন পর্যন্ত ৮টি সভা হয়েছে। প্রধান প্রকৌশলী মহোদয় প্রতিটি গণপূর্ত বিভাগের অধীন নূন্যতম দুটি সভা করার নির্দেশনা দেন এবং সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে সভায় উপস্থিত থেকে আবাসীদের অভিযোগ/সুপারিশ সমূহ শোনার ও সে মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। | প্রতিটি গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ আরাসীদের সাথে নূন্যতম দুটি সভা/গণশুনানীর আয়োজন করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) এর নিকট প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলী সকল সার্কেল/ বিভাগ। |
| | ১.২ সচেতনতা বৃদ্ধিমূলক সভা :<br><br>সচেতনতা বৃদ্ধিমূলক সভা ২টি করার লক্ষ্যমাত্রা আছে । ইতোমধ্যে একটি সভা করা হয়েছে। প্রধান প্রকৌশলী মহোদয় প্রত্যেক বিভাগের নির্বাহী প্রকৌশলীগণকে তার অধীনস্থ কর্মকর্তা কর্মচারীদের নিয়ে প্রতিমাসে একটি সভা করার নির্দেশ দেন। সভায় সকলের অভাব/অভিযোগ, প্রশিক্ষণের প্রয়োজনীয়তা, শুদ্ধাচার প্রভৃতি বিষয়ে সভায় আলোচনা হতে পারে। | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ২টি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) |
| | ১.৩ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ:<br><br>এ বিষয়ে ২০১৭-১৮ বছরে ৩০০ জনকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা আছে। এ বিষয়ে এখন পর্যন্ত ১২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে বলে পরিচালক ট্রেনিং একাডেমী জানান। প্রশিক্ষণ চালু রাখার জন্য প্রধান প্রকৌশলী মহোদয় নির্দেশ প্রদান করেন। | শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ চালু রাখতে হবে। | পরিচালক, পিডব্লিউডি ট্রেনিং একাডেমি |

| ক্রম | বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ১.৪ অনলাইন রেসপন্স সিস্টেম চালু :<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) জানান দাপ্তরিক কাজের ২% কাজ অনলাইন রেসপন্স সিস্টেমে করার লক্ষ্যমাত্রা আছে। Complain Management System, টেন্ডার আপলোড, বিভিন্ন সরকারি আদেশ ওয়েবসাইটে প্রকাশ, বাজেট বরাদ্দ ওয়েবসাইটে প্রকাশ, কাজের অগ্রগতির প্রতিবেদন ই-মেইল এ প্রেরণ, দরপত্রের কোনো বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে সংশ্লিষ্ট বিভাগের ই-মেইল এর মাধ্যমে জবাব প্রদান সহ মোট ৬টি বিষয়ে পিডব্লিউডি-তে বর্তমানে অনলাইন রেসপন্স সিস্টেম চালু আছে। নির্বাহী প্রকৌশলী সংস্থাপন জানান যে সকল অনলাইন রেসপন্স সিস্টেম সব বর্তমানে চালু আছে সেগুলোতে আশানুরূপ অভিযোগ পাওয়া যচ্ছে না। প্রধান প্রকৌশলী মহোদয় জানান যে সব গণপূর্ত বিভাগের অধীন Complain Management System চালু আছে সেখানে আবাসীদের সচেতন করার জন্য প্রত্যেক ফ্ল্যাটে লিফলেট বিতরণ করতে হবে। | আবাসীদের সচেতন করার লক্ষ্যে Complain Management System ব্যবহার করার জন্য প্রত্যেক ফ্ল্যাটে লিফলেট বিতরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ নির্বাহী প্রকৌশলী, MIS Cell/ নির্বাহী প্রকৌশলী মতিঝিল/ আজিমপুর গণপূর্ত বিভাগ |
| | ১.৫ ভিডিও কনফারেন্স সিস্টেম :<br>নির্বাহী প্রকৌশলী সংস্থাপন জানান, ইতোমধ্যে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ১টি সভা করা হয়েছে।<br>প্রধান প্রকৌশলী মহোদয় ১৫ দিনের মধ্যে অন্তত: পক্ষে প্রতিটি জোনের সাথে স্কাই পি এর মাধ্যমে ভিডিও কনফারেন্স সিস্টেম চালু করার নির্দেশ দেন। | প্রতিটি জোনের সাথে আগামী ১৫ দিনের মধ্যেই ভিডিও কনফারেন্স করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, MIS Cell |
| | ১.৬ ই-টেন্ডার :<br>সকল ক্রয় কার্যক্রম ই-টেন্ডার এর মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা আছে। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী সকল কাজ ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | সকল ক্রয় কার্যক্রম ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | মাঠ পর্যায়ের সকল জোন সার্কেল/ বিভাগ অফিস সমূহ। |
| | ১.৭ উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন :<br>CMS (Complain Management System), ভবনের ছাদে টব/বৃক্ষ রোপন এবং গাছের নাম ও নাম্বারিংসহ গাছের পরিচিতি সহ মোট ৩ টি বিষয়ে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হয়েছে বলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) জানান। | আরো উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। | সকল গণপূর্ত বিভাগ/ আরবরিকালচার গণপূর্ত বিভাগ |
| | ১.৮ ই-ফাইলিং চালুকরণ :<br>নির্বাহী প্রকৌশলী MIS Cell জানান ই ফাইলিং কার্যক্রমে সকল সরকারি সংস্থার মধ্যে গণপূর্ত অধিদপ্তর ৪৬ তম অবস্থানে আছে। তাছাড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুসারে দাপ্তরিক নথির ১০% ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পন্ন করতে হবে। ইতোমধ্যে সংস্থাপন শাখা সমূহে বেশ কয়েকটি বিষয়ের উপর ই ফাইলিং এর মাধ্যমে নিষ্পন্ন হচ্ছে। | প্রধান প্রকৌশলী দপ্তরের সকল শাখা সমূহে দ্রুত ই ফাইলিং চালু করতে হবে। | তত্ত্বাধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ (সমন্বয়)/ পিপিসি/ উন্নয়ন, নির্বাহী প্রকৌশলী, MIS Cell |
| | ১.৯ দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার:<br>নির্বাহী প্রকৌশলী সংস্থাপন জানান প্রধান প্রকৌশলী দপ্তরের বিভিন্ন শাখায় বর্তমানে শতভাগ ইউনিকোডের ব্যবহার করা হচ্ছে, তবে কিছু কিছু বিভাগ/সার্কেল সমূহে এখন পর্যন্ত সরকারি কাজে ইউনিকোড ব্যবহার সংক্রান্ত আদেশ প্রতিপালন করা হচ্ছে না। প্রধান প্রকৌশলী মহোদয় বলেন যে সব বিভাগ/সার্কেল এ সংক্রান্ত নির্দেশনা পালন করা হচ্ছে না তাদেরকে পত্র দিতে হবে। | গণপূর্ত অধিদপ্তরের সকল দপ্তরের পত্রালাপে ইউনিকোডের ব্যবহার নিশ্চিত করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) |

| ক্রম | বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ১.১০ অডিট আপত্তি নিস্পত্তিকরন:<br>নির্বাহী প্রকৌশলী সংস্থাপন জানান এই অর্থবছরের প্রতি কোর্য়াটারে মোট অডিট আপত্তির ১% নিস্পত্তি নির্দেশনা আছে। কিন্তু প্রথম দুই কোর্য়াটারে অডিট আপত্তির নিস্পত্তির হার অনেক কম। প্রধান প্রকৌশলী মহোদয় সংশ্লিষ্টদের এ বিষয়ে কার্যকর পদক্ষেপ প্রহণের নির্দেশ দেন। | অডিট আপত্তি সমূহ নিস্পত্তির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও অডিট) সার্কেল। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ রফিকুল ইসলাম)
প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর
ও
সভাপতি
জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত
গণপূর্ত অধিদপ্তরের নৈতিকতা কমিটি।

নং-২৫.৩৬.০০০০.২১১.০৬.১০৩. ২৪- ১৮৮

তারিখঃ ১৭-১০-১৪২৪ বঙ্গাব্দ
০১-০২-২০১৮ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, (সওস)/(পওবিপ্র)/স্বাস্থ্য/ই/এম, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী ______________ জোন ______________
৪। তত্ত্বাধায়ক প্রকৌশলী ______________ সার্কেল ______________
৫। উপ-সচিব (উন্নয়ন অধিশাখা-৯), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপ-সচিব (প্রশাসন-৩ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। নির্বাহী প্রকৌশলী এম. আই. এস সেল ~~বিভাগ~~ গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

(মোঃ নজিবর রহমান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর
ও
সদস্য সচিব
শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত
গণপূর্ত অধিদপ্তরের নৈতিকতা কমিটি